

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৮৭৮

৫৬/ জিহাদ ও যুদ্ধকালীন আচার ব্যবহার (کتاب الجهاد والسیر) পরিচ্ছেদঃ ৫৬/৬৩. নৌ যুদ্ধে নারীদের অংশগ্রহণ।

بَابُ غَزْوِ الْمَرْأَةِ فِي الْبَحْرِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّد حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ عَمْرٍ وحَدَّثَنَا أَبُوْ إِسْحَاقَ هُوَ الْفَزَارِيُّ عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الأَنْصَارِيِّ قَالَ سَمِعْتُ أَنسًا يَقُوْلُ دَخَلَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم عَلَى ابْنَةِ مِلْحَانَ فَاتَّكَأَ عِنْدَهَا ثُمَّ ضَحِكَ فَقَالَتْ لِمَ تَضْحَكُ يَا رَسُوْلَ اللهِ عَلَى فَقَالَ نَاسٌ مِنْ أُمَّتِيْ يَرْكَبُوْنَ الْبَحْرَ الأَحْضَرَ فِيْ سَبِيْلِ اللهِ مَثَلُهُمْ مَثَلُ الْمُلُوكِ عَلَى فَقَالَ نَاسٌ مِنْ أُمَّتِيْ يَرْكَبُوْنَ اللهِ ادْعُ اللهَ أَنْ يَجْعَلَنِيْ مِنْهُمْ قَالَ اللّهُمَّ اجْعَلْهَا مِنْهُمْ ثُمَّ عَادَ الْأَسِرَّةِ فَقَالَتْ ادْعُ اللهَ أَنْ يَجْعَلَنِيْ مِنْهُمْ قَالَ اللّهَ أَنْ يَجْعَلَنِيْ مِنْهُمْ فَقَالَ لَها مِثْلُ ذَلِكَ فَقَالَتْ ادْعُ اللهَ أَنْ يَجْعَلَنِيْ مِنْهُمْ فَالَ اللّهَ أَنْ يَجْعَلَنِيْ مِنْهُمْ فَعَالَتُ الْمُولِ عَلَى مِنْهُمْ فَقَالَتُ الْمَالُولُ أَنْسُ فَتَرَوَّجَتْ عُبَادَةَ بْنَ الصَامِتِ فَالَ الْبَعْرُ مَعَ بِنْتِ قَلَلْ قَلَمَا قَفَلَتْ رَكِبَتْ دَابَّتَهَا فَوَقَصَيَتْ بِهَا فَسَقَطَتْ عَنْهَا فَمَاتَتْ فَلَاتُ مَنْ الْبَحْرِيْنَ قَلَتْ رَكِبَتْ دَابَّتَهَا فَوَقَصَيَتْ بِهَا فَسَقَطَتْ عَنْهَا فَمَاتَتْ فَكَاتُ مُ اللهَ اللهِ قَلَتُهُمْ مَثْلُ الْمُهُمُ اللهَ الْمَالَالَ اللّهُ اللهَ اللهُ اللهُ الْمَالِي اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ عَلْمَا مِنْهُمُ اللهُ ا

বাংলা

২৮৭৭-২৮৭৮. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) মিলহানের কন্যার নিকট গেলেন এবং সেখানে তিনি বিশ্রাম করলেন। অতঃপর তিনি হেসে উঠলেন। মিলহান (রাঃ)-এর কন্যা তাঁকে জিজ্ঞেস করলেন, 'হে আল্লাহর রাসূল! আপনি কেন হাসছেন?' আল্লাহর রাসূল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমার উম্মাতের মধ্যে কতিপয় ব্যক্তি আল্লাহর পথে জিহাদের উদ্দেশে এই সবুজ সমুদ্রে সফর করবে। তাদের উপমা সিংহাসনে উপবিষ্ট বাদশাহদের মত। মিলহান (রাঃ)-এর কন্যা বললেন, হে আল্লাহর রাসূল! আল্লাহর নিকট আমার জন্য দু'আ করুন, যেন তিনি আমাকে তাদের অন্তর্ভুক্ত করেন। তিনি বললেন, হে আল্লাহ্, আপনি মিলহানের কন্যাকে তাদের অন্তর্ভুক্ত করুন। আবার তিনি বিশ্রাম নিলেন, অতঃপর হেসে উঠলেন। মিলহান (রাঃ)-এর কন্যা তাঁকে একইভাবে জিজ্ঞেস করলেন অথবা বললেন, এ কেন? আল্লাহর রাসূল (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম)-ও পূর্বের মত জবাব দিলেন। মিলহান (রাঃ)-এর কন্যা বললেন, আমার জন্য আল্লাহর নিকট দু'আ করুন, যেন তিনি আমাকে তাদের অন্তর্ভুক্ত করেন। তিনি বললেন, তুমি তাদের প্রথম



দলে আছ, পেছনের দলে নয়। বর্ণনাকারী বলেন, আনাস (রাঃ) বলেছেন, অতঃপর তিনি 'উবাদাহ ইবনু সামিতের সঙ্গে বিবাহ করেন এবং কারাযার কন্যার সঙ্গে সমুদ্র ভ্রমণ করেন। অতঃপর ফেরার সময় নিজের সাওয়ারীতে আরোহণ করলেন, তখন তা থেকে পড়ে গিয়ে ঘাড় মটকে মারা যান। (২৭৮৮, ২৭৮৯) (আধুনিক প্রকাশনীঃ ২৬৬৬, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৬৭৭)

English

Narrated Anas:

Allah's Messenger () went to the daughter of Milhan and reclined there (and slept) and then (woke up) smiling. She asked, "O Allah's Messenger ()! What makes you smile?" He replied, (I dreamt that) some people amongst my followers were sailing on the green sea in Allah's Cause, resembling kings on thrones." She said, "O Allah's Messenger ()! Invoke Allah to make me one of them." He said, "O Allah! Let her be one of them." Then he (slept again and woke up and) smiled. She asked him the same question and he gave the same reply. She said, "Invoke Allah to make me one of them." He replied, "You will be amongst the first group of them; you will not be amongst the last." Later on she married 'Ubada bin As-Samit and then she sailed on the sea with bint Qaraza, Mu'awiya's wife (for Jihad). On her return, she mounted her riding animal, which threw her down breaking her neck, and she died on falling down.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন